যুগান্তর

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

বৈষম্য দূর করার দাবি

# ঢাবি শিক্ষকদের কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

অর্থমন্ত্রীর দেয়া প্রতিশ্রুতি পূরণ এবং বেতন কাঠামোতে অসঙ্গতি- বৈষম্য দূর করার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেছে শিক্ষকরা। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে বৃহস্পতিবার সকাল ১১টা থেকে বেলা ১টা পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ঐতিহাসিক বটতলায় এ কর্মসূচি পালন করা হয়।

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব ও ঢাবি শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালের সঞ্চালনায় অবস্থান কর্মসূচিতে বক্তব্য রাখেন ঢাবি শিক্ষক সমিতির নেতা অধ্যাপক ড. আখতারুজ্জামান, অধ্যাপক ড. নাজমা শাহীন, অধ্যাপক ড. লুৎফর রহমান, অধ্যাপক ড. এজেএম শফিউল আলম ভূঁইয়া, অধ্যাপক ড. জিয়াউর রহমান,

**কর্মসূচি : পৃষ্ঠা ৭ : কলাম ৭**

## কর্মসূচি : শিক্ষকদের

**(৩য় পৃষ্ঠার পর)**

অধ্যাপক ড. আফতাব আলী শেখ, অধ্যাপক ড. সাবিতা রিজওয়ানা হাসানসহ দুই শতাধিক শিক্ষক। সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সহসভাপতি অধ্যাপক ড. ইমদাদুল হক। কর্মসূচিতে শিক্ষক নেতারা বলেন, এখন দেয়ালে পিঠ ঠেকে গেছে, এখান থেকে ফিরে যাওয়ার সুযোগ নেই। আজ কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি থেকে আমরা আবারও সময় দিচ্ছি। দাবি মেনে নেয়া না হলে পূর্ব ঘোষণা অনুযায়ী ১১ জানুয়ারি থেকে লাগাতার কর্মবিরতিতে যাওয়া ছাড়া কোনো বিকল্প আমাদের থাকবে না। আর তেমন পরিস্থিতি সৃষ্টি হলে বিশ্ববিদ্যালয়ে ক্লাস বন্ধ রাখার দায় শিক্ষকরা নেবেন না বলেও মন্তব্য করেন তারা। অধ্যাপক ড. মাকসুদ কামাল বলেন, গত ৯ মাস ধরে আমরা শান্তিপূর্ণ কর্মসূচি পালন করে আসছি। ছাত্রছাত্রীদের লেখাপড়ায় বিঘ্ন ঘটে এমন কোনো কর্মসূচিতে আমরা যাইনি। এখন আমাদের দেয়ালে পিঠ ঠেকে গেছে।

এদিকে পঞ্চম দিনের মতো কালো ব্যাজ ধারণ করে কর্মস্থলে যোগ দেন বিশ্ববিদ্যালয় শিক্ষকরা। তবে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা রেখে আগামী ১০ জানুয়ারি তার 'স্বদেশ প্রত্যাবর্তন দিবসে' কালো ব্যাজ ধারণ করা হবে না বলে জানান ফেডারেশনের মহাসচিব।